দামুড়হুদায় মানবসেবা স্বেচ্ছায় রক্তদান সংগঠনের সৌজন্য সাক্ষাৎ

দামুড়হুদার নবাগত উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও ওসি’ কে ফুলেল শুভেচছা জানিয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন মানবসেবা স্বেচ্ছায় রক্তদান সংগঠনের নেতৃবৃন্দ। গতকাল মঙ্গলবার বেলা ১১টায় সংগঠনটির পক্ষ থেকে নবযোগদানকৃত তিন কর্মকর্তার সাথে পৃথক সৌজন্য পরবর্তী মতবিনিময় সভা করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, মানবসেবা স্বেচ্ছায় রক্তদান সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি আব্দুর রহিম, দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি এনামুল হক, সাধারণ সম্পাদক মো জাহিদুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন শাখার সভাপতি আবু তালহা, হাউলী ইউনিয়ন শাখার সভাপতি সাংবাদিক মো জহিরুল ইসলাম, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ শাখার সভাপতি আকাশ, সাধারণ সম্পাদক সজিবসহ সুমন, রাসেল, শাহিন, সাইফুল প্রমুখ।

উল্লেখ্য, স্বেচ্ছাসেবী এই সংগঠনটি দীর্ঘদিন যাবত স্বেচ্ছায় রক্তদান, শীতাত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ, মেধাবী শিক্ষার্থীদের আর্থিক অনুদানসহ বিভিন্ন সামাজিক কার্যক্রম পরিচালনা করে আসছে। উপজেলা জুড়ে বেশ প্রশংসিত এই সংগঠনটি।